তারিখ ২১ MAR 2016
পৃষ্ঠা ২ কলাম ১

নতুন পে-স্কেলে এমপিও দাবি

# আন্দোলনে যাচ্ছেন শিক্ষকরা

**যুগান্তর রিপোর্ট**

নতুন পে-স্কেলের হিসাবে অনতিবিলম্বে এমপিও দেয়ার দাবিতে বিভিন্ন শিক্ষক সংগঠন নতুন করে আন্দোলনে নামছে। বেশ কয়েকটি সংগঠন ইতিমধ্যে নতুন কর্মসূচি ঘোষণা করেছে। বাকিরা এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে সরকারকে আহ্বান জানিয়েছে।

শিক্ষক-কর্মচারীদের অন্যতম বড় মোর্চা শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নতুন জাতীয় বেতন স্কেলের দাবিতে ২ মাসব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে। এর মধ্যে বড় কর্মসূচি হচ্ছে ২৪ মার্চ শিক্ষামন্ত্রী ও শিক্ষা সচিবকে স্মারকলিপি, ২৭ মার্চ জেলা ও ১-৮ এপ্রিল বিভাগীয় সমাবেশ। এ সময়ের মধ্যে দাবি আদায় না হলে ২০ মে ঢাকায় মহাসমাবেশ করবে সংগঠনটি।

### ১ এপ্রিল থেকে লাগাতার ধর্মঘটের হুশিয়ারি

জানা গেছে, এ কর্মসূচি ঘোষণা উপলক্ষে রোববার বিকালে নয়াপল্টনে সংগঠনটির এক জরুরি বৈঠক হয়। এতে সভাপতিত্ব করেন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়া। সভায় বক্তব্য দেন অতিরিক্ত মহাসচিব মো. জাকির হোসেন, মাওলানা মো. দেলোয়ার হোসেন, অধ্যাপক আবদুল হাকিম, অধ্যাপক রকিবউদ্দিন, অধ্যক্ষ সেলিম মিয়া, কর্মচারী ফেডারেশনের সভাপতি মিজানুর রহমান, ওয়াজিউর রহমান ও নজরুল ইসলাম প্রমুখ। সভা থেকে দলমত নির্বিশেষে কর্মসূচি পালনের জন্য সবার প্রতি আহবান জানানো হয়।

শনিবার ঢাকার মিরপুরে আলহাজ মধু বেপারী উচ্চ বিদ্যালয়ে বাংলাদেশ শিক্ষক সমিতির সভায় সভাপতিত্ব করেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মো. নজরুল ইসলাম রনি। শিক্ষক নেতারা বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জাতীয় পে-স্কেল দিতে বিলম্ব করায় তীব্র ক্ষোভ ও অসন্তোষ প্রকাশ করেন। তারা বলেন, ৩০ মার্চের মধ্যে নতুন জাতীয় স্কেলে এমপিও না দিলে ১ এপ্রিল থেকে দেশের ২৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে লাগাতার ধর্মঘট শুরু করা হবে।

শিক্ষক-কর্মচারী ফ্রন্টভুক্ত সংগঠন বাংলাদেশ শিক্ষক সমিতির এক সভা ১৫ মার্চ অনুষ্ঠিত হয়। সভায় বেসরকারি শিক্ষক-কর্মচারীরা অষ্টম জাতীয় স্কেলে বেতন না পাওয়া এবং কবে পাওয়া যাবে সে সম্পর্কে এখন পর্যন্ত সরকারের পক্ষ থেকে কোনো ঘোষণা না আসায় উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করা হয়। একইসঙ্গে হুশিয়ারি দিয়ে বলা হয়, এ বিষয়ে সরকারের পক্ষ থেকে সুনির্দিষ্ট ঘোষণা না এলে ৫ লক্ষাধিক শিক্ষক-কর্মচারীরা কঠোর কর্মসূচি নিয়ে আন্দোলনে আসতে বাধ্য হবে। সভায় সংগঠনটির মহাসচিব এসএম আবদুল জলিল স্বেচ্ছায় পদত্যাগ করায় যুগ্ম মহাসচিব-১ মহসীন রেজাকে মহাসচিবের দায়িত্ব দেয়া হয়।

১৫ ডিসেম্বর অষ্টম পে-স্কেল ঘোষণা করা হয়। পরে ২০ ডিসেম্বর শিক্ষা মন্ত্রণালয় জারি করা এক প্রজ্ঞাপনে বলেছে, সরকারি চাকরিজীবীদের মতোই শিক্ষক-কর্মচারীরা জুলাই থেকে নতুন স্কেলে এমপিও পাবেন। ইতিমধ্যে সরকারি চাকরিজীবীরা বকেয়া এবং নতুন স্কেলে বেতন পেয়েছেন। কিন্তু বেসরকারি শিক্ষক-কর্মচারীরা কোনোটিই পাননি। এ নিয়ে স্পষ্ট করে কেউ কিছু বলতেও পারছেন না।